

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপসা, খুলনা
www.rupsha.khulna.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৪৭৭৫.০০১.১৮.০২.০০৫.২২-১৬

তারিখঃ ২৪ পৌষ ১৪২৯
০৮ জানুয়ারি ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা-২ শাখার ২৩-১১-২০২২খি. তারিখে: ১৬.০০.০০০০.০০৮.০২.০০১.১৭(অংশ).২৫০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক খুলনা জেলার রূপসা উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের জন্য নিম্নোক্ত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী	শিক্ষাগত যোগ্যতা
০১	পেশ ইমাম	০১	১৫,০০০/-	ক. কামিল/দাওরা হাদীস পাশ, কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। খ. কোন প্রতিষ্ঠানে মুহাদ্দিস, মুফতি বা জামে মসজিদের খতিব হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ. হাফেজে কোরআন ও ইলমে ফিরাত ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন। ঘ. আরবি ভাষায় কথা বলা ও উপস্থিত খুৎবাপাঠ, ইসলামের উপর গবেষনামূলক প্রকাশনা সুমধুর কণ্ঠ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১	১০,০০০/-	ক. দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ. কোন জামে মসজিদের মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন)বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ. হাফেজে কোরআন ও ইলমে ফিরাত ডিগ্রীধারী এবং সুমধুর কণ্ঠ অগ্রাধিকার পাবেন।
০৩	খাদিম	০২	৭,৫০০/-	ক. দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ. শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ. কোন জামে মসজিদের খাদেম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী

১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২) আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর ইমাম পদের জন্য ৩০০/- (ত্রিশত) টাকা, মুয়াজ্জিন পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং খাদিম পদের জন্য ১০০/- (একশত) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

৩) আবেদনকারীকে নিম্নলিখিত তথ্যাদি আবেদনপত্রে উল্লেখ করতে হবে:

ক। প্রার্থীর নাম	খ। পিতার নাম	গ। মাতার নাম
ঘ। বর্তমান ঠিকানা	ঙ। স্থায়ী ঠিকানা	চ। জন্ম তারিখ ও বয়স
ছ। জাতীয়তা	জ। শিক্ষাগত যোগ্যতা	ঝ। অভিজ্ঞতা (যদি থাকে)

পরবর্তী পাতা/০২

৪) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযোজনপূর্বক দাখিল করতে হবে:

- ক। সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৩ কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।
খ। সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য কাগজপত্রের কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।
গ। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (মূল কপি)।
ঘ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
ঙ। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

৫) আবেদনপত্র আগামী ২৫-০১-২০২৩খি. তারিখ বুধবার অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনাতে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৭) কোন প্রার্থী তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮) নিয়োগের ক্ষেত্রে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা'২০২১ এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হবে।

৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

১০) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রূপসা, খুলনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে পাওয়া যাবে এবং স্ব স্ব ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হবে।

১১) অনিবার্য কারণবশত: পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তিত হতে পারে। কোন ধরনের সুপারিশ/তদ্বির প্রার্থীর অযোগ্যতা প্রমাণিত করে। নিয়োগ সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত নিয়োগ কমিটি সংরক্ষণ করবে।

রুবাইয়া তাহসিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
পরিচালনা কমিটি, রূপসা, খুলনা।

তারিখ : ১০ জানুয়ারি ২০২৩/২৬শেখ ১৪২৯।

স্মারক নং-০৫.৪৪.৪৭৭৫.০০১.১৮.০০১.১৮.০২.০০৫.২২- ১৬/১ (৬)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, খুলনা।

২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা।

৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রূপসা, খুলনা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

রুবাইয়া তাহসিন

উপজেলা নির্বাহী অফিসার

রূপসা, খুলনা

মোবা: ০১৭৪৭-৬০৬০৬০

ই-মেইল: unorupsha@gmail.com